

REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 03-09-2024  
Time: 07:35-07 . 40AM Hrs  
BENGALI MORNING BULLETIN

---

**RAJYA SABHA:**

রাজ্যসভায় ত্রিপুরার একমাত্র আসনের আজ উপনির্বাচন। এই উপনির্বাচনের ভোট গ্রহণ করা হবে সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত রাজ্য বিধানসভার লবিতে। প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন বিজেপি প্রার্থী রাজীব ভট্টাচার্য এবং সি পি আই (এম) প্রার্থী সুধন দাস। ভোট গ্রহণের পর আজ বিকেল ৫টায় ভোট গননা শুরু হবে।

\*\*\*\*\*

**Meeting - CM residence:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সরকারি বাসভবনে গতকাল এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী ছাড়া উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ, বিধানসভার অধক্ষ্য বিশ্ববন্ধু সেন, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য সহ বিজেপি, তিপ্রামথা এবং আই. পি.এফ.টি দলের বিধায়করা। বৈঠকে রাজ্যসভার উপনির্বাচন সহ আসন্ন ত্রয়দশ রাজ্য বিধানসভা অধিবেশনের বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।

\*\*\*\*\*

**Union Cabinet decision:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে গতকাল কৃষকদের জীবন ও জীবিকার মানোন্নয়নের জন্য ১৪হাজার ২৩৫ কোটি ৩০ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দ সহ সাতটি বড় প্রকল্প অনুমোদন দেয়া হয়।

এর মধ্যে রয়েছে ২,৮১৭ কোটি টাকা ব্যয়ে ডিজিটাল কৃষি মিশন। এই প্রকল্পে, কৃষকদের, গ্রামের জমির মানচিত্রের ও বপন করা ফসলের নিবন্ধীকরণ ছাড়াও ভূস্থানিক তথ্য, খরা ও বন্যা পর্যবেক্ষণ, আবহাওয়া, উপগ্রহের তথ্য, ভূগর্ভস্থ জল সম্বন্ধীয় তথ্য, ফসল উৎপাদন ও বীমার জন্য তৈরী করা, আধুনিক প্রযুক্তি ব্যবহার, মোবাইল ফোনের মাধ্যমে নতুন জ্ঞান সম্ভার এর ব্যবস্থা প্রভৃতি।

এছাড়াও খাদ্য ও পুষ্টি নিরাপত্তার জন্য মোট ৩,৯৭৯ কোটি টাকা ব্যয়ে শস্য বিজ্ঞান অনুমোদন করেছে মন্ত্রিসভা। এই পদক্ষেপ কৃষকদের জলবায়ু অনুযায়ী স্থিতিস্থাপকতার জন্য প্রস্তুত করবে এবং ২০৪৭ সালের মধ্যে খাদ্য নিরাপত্তা প্রদান করবে।

পাশাপাশি, সরকার ২,২৯১ কোটি টাকা ব্যয়ে কৃষি শিক্ষা, ব্যবস্থাপনা এবং সামাজিক বিজ্ঞানকে শক্তিশালী করার সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রিসভা প্রাণিসম্পদ বিকাশে ১,৭০২ কোটি টাকা ও উদ্যানপালনের সুস্থায়ী উন্নয়নের জন্য ৮৬০কোটি টাকা অনুমোদন করেছে।

\*\*\*\*\*

#### **Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে ভয়াবহ বন্যা পরবর্তী পরিস্থিতিতে বিপন্ন মানুষের সহায়তায় রাজ্যের মানুষ ইতিহাস সৃষ্টি করেছে। গতকাল আগরতলা জেকশন গেইটস্থিত একদন্ত সামাজিক সংস্থা আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরে উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের ইতিহাসে এরকম বন্যা পরিস্থিতি কখনও সৃষ্টি হয়নি। এই পরিস্থিতিতে রাজ্যের সাধারণ মানুষ থেকে শুরু করে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন, ব্যবসায়িক প্রতিষ্ঠান রাজ্যের বিপন্ন মানুষের সহায়তায় এগিয়ে এসেছেন। কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় রাজ্য সরকার এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসার চেষ্টা চালিয়ে যাচ্ছে।

রক্তদান প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, রক্তদানের কোনও বিকল্প নেই। রক্তদান শিবিরে ২২ জন স্বৈচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

#### **SLBC Meeting Finance Sec :**

রাজ্যের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তার বিষয়ে পর্যালোচনায় মুখ্যসচিবের নেতৃত্বে গতকাল রাজ্য পর্যায়ের ব্যাংকার কমিটি বা SLBC-র বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যসচিব, বন্যায় ক্ষতিগ্রস্তদের দ্রুত স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার লক্ষ্যে সহযোগিতা করতে সমস্ত ব্যাঙ্ক কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানান। পাশাপাশি, ক্ষতিগ্রস্তদের কিশান ক্রেডিট কার্ডের মাধ্যমে ঋণ প্রদানে বিশেষ শিবির আয়োজন করার জন্য, ব্যাঙ্ক কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে।

বৈঠকে আর বি আই, নার্বার্ড, পাঞ্জাব ন্যাশানাল ব্যাংক, স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া সহ বিভিন্ন ব্যাংকের প্রতিনিধিগণ অংশ নেন।

\*\*\*\*\*

#### **Swaccha Bharat Mission 2.0 :**

সারা দেশের সঙ্গে রাজ্যেও গতকাল থেকে স্বচ্ছ ভারত মিশন দ্বিতীয় পর্যায়ের কর্মসূচী শুরু হয়েছে। তা চলবে ১৩ই সেপ্টেম্বর পর্যন্ত। এই উপলক্ষ্যে গতকাল পশ্চিম জেলা শাসকের কার্যালয়ের উদ্যোগে এক সচেতনতামূলক অনুষ্ঠান ও রেলির আয়োজন করা হয়। সেই সঙ্গে একটি স্বচ্ছ ভারত গ্রামীণ রথের আনুষ্ঠানিক সূচনা হয়। অনুষ্ঠানে উপস্থিত সকলে শপথ বাক্য পাঠ করেন এবং সপ্তাহে দুই ঘণ্টা তথা বছরে ১০০ ঘণ্টা স্বচ্ছতা কর্মসূচির সঙ্গে নিজেকে যুক্ত রাখার অঙ্গীকার করেন।

\*\*\*\*\*

#### **BJP - Sodosyota Abhijan:**

রাজ্যে আজ থেকে শুরু হচ্ছে বিজেপির সদস্যতা অভিযান। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এবং বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য প্রদেশ বিজেপি কার্যালয়ে আজ ২০২৪ সালের সদস্য-পদ গ্রহণ করবেন। তারপর আগামীদিনে দুটি পর্যায়ে এই অভিযান সংগঠিত হবে।

\*\*\*\*\*

#### **Poshan Maah-Unakoti :**

সপ্তম রাষ্ট্রীয় পোষন মাস উদযাপনের লক্ষ্যে গতকাল ঊনকোটি জেলাভিত্তিক অনুষ্ঠান কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা প্রমুখ।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই ও উত্তর জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।। আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে আজ আকাশ মেঘলা থাকবে, দুয়েকটি জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রির কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন ছিল ২৬ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত ৩ দশমিক চার মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*